# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** | বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | **সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক অংশ — গদ্য

**১.▶** অনেক অভিভাবক মনে করেন যে, তাদের ছেলেমেয়েদের ভার শিক্ষা প্রতিষ্ঠানে দিতে পারলে কোন রকম চিন্তা থাকবে না। অপর পক্ষে গ্রামের অনেক শিক্ষার্থী যাদের বাবা-মা অসচেতন, তারাও ভাল কিছু করেছে। শিক্ষা কেউ কাউকে দিতে পারে না। শিক্ষা নিজেকে অর্জন করতে হয়। সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত। আজকের বাজারে বিদ্যাতার অভাব নেই। এমন কি দাতা কর্ণের অভাব নেই। আমরা আমাদের ছেলেমেয়েদের তাদের উপর দ্বারস্থ করেই নিশ্চিত থাকি এই বিশ্বাসে যে সেখান থেকে তারা একটা শিক্ষার বিদ্যার ধন লাভ করে ফিরে আসবে যার সুদে তার বাকী জীবন আরাম আয়েসে কাটবে। শিক্ষকের সার্থকতা শুধু শিক্ষাদান নয় কিন্তু ছাত্রকে তা অর্জন করতে সক্ষম করায়। শিক্ষক ছাত্রকে শিক্ষার পথ দেখিয়ে দিতে পারেন, তার কৌতুহল উদ্রেক করতে পারলে এর বেশি অর কিছু পারেন না। শিক্ষার্থীদের নিজ চেষ্টার দ্বারা প্রকৃত শিক্ষা অর্জন করতে হবে।

ক. শিক্ষার মাহাত্ম কী? ১

খ. প্রচলিত শিক্ষা ব্যবস্থার স্বরূপ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের অভিভাবকের মতামত ও 'বইপড়া' প্রবন্ধের মতামত কেন বিপরীতধর্মী ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মূল বক্তব্য এবং 'বইপড়া' প্রবন্ধের মূল বক্তব্য যেন একই ইঙ্গিত বহন করে— বিশ্লেষণ কর। ৪

**২.▶** ছেলেটির বয়স হবে বছর দশেক
পরের ঘরে মানুষ
মার খায় দমাদম,
গাল কায় অজস্র
ছড়া পেলেই আবার দেয় দৌড়

ক. অপুর পিঠে কে কিল দিল? ১

খ. আগ্রহে সর্বজয়ার কথা বন্ধ হওয়ার উপক্রম হলো কেন? ২

গ. উদ্দীপকের ছেলে আর 'আম-আঁটির ভেঁপু' গল্পের দুর্গা যেন একই মুদ্রার এপিঠ ওপিঠ ব্যাখ্যা কর। ৩

ঘ. দুরন্তপনাই যেন উদ্দীপক ও 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল কাহিনী যথার্থতা নিরূপণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩.▶ দেখা হলে মিষ্ট অতি
মুখের ভাব শিষ্ট অতি
অলস দেহ ক্লিষ্ট গতি
গৃহের প্রতি টান।
মাথায় ছোট বহরে বড়
বাঙালি সন্তান।

ক. বাঙালি ললনারা কোনশাড়ী পরে? ১

খ. "আমাদের কাব্যে বীররস অপেক্ষা করুন রস বেশি" কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের লেখিকা কোন দিকটি ফুটিয়ে তুলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মূল বিষয়টি আলোচনা করা লেখকের উদ্দেশ্য না তা থেকে উত্তরণের উপায় নির্দেশ করা লেখকের মূল উদ্দেশ্য উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ সূর্য > সুরুজ
প্রনাম > পেন্নাম
ক্ষুধা > খিদে

ক. 'রজনী' এর পুরনো বাঙালা রূপ কী ছিল? ১

খ. অর্থ তৎসম শব্দ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে 'বাঙলা শব্দ' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে? আলোচনা কর। ৩

ঘ. 'বাঙালা শব্দ' প্রবন্ধের আলোকে উদ্দীপকে চিহ্নিত বিবর্তনের ধারাটি যথার্থতা নিরুপণ করো। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ ছোটদের বড়দের সকলের
গরীবের নিঃস্বের ফকিরের
আমার দেশ.........................
সব মানুষের সব মানুষের সব মানুষের
নেই ভেদাভেদ সেথা কুলি আর কামারের
নেই ভেদাভেদ সেথা চাষা আর মজুরের

ক. 'মহুয়া' পালা কী? ১

খ. এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্যসেনের থেকে— ব্যাখ্যা কর। ২

গ. আমার পরিচয় কবিতার সাথে উদ্দীপকের মিল ব্যাখ্যা কর। ৩

ঘ. আমার পরিচয় কবিতার সঙ্গে উদ্দীপকের ভাবের কোন বৈপরীত্য আছে কী? যুক্তি দেখাও। ৪

teachingbd.com

৬.▶ এমন দিনে তারে বলা যায়,
এমনও ঘন ঘোর বরিষায়
সঘন গহন রাত্রি ঝড়িছে শ্রাবণ ধারা
অন্ধ বিভাবরী সঙ্গ পরশ হারা।
এমন মেঘ স্বরে বাদল ঝরো ঝরো
তপনহীন ঘন তমসায়।

ক. বৃষ্টি কোথায় এসেছে? ১
খ. বর্ষার মেঘ বিষন্ন মেদুর হয়ে আগে কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'বৃষ্টি' কবিতার কোথায় মিল নেই-ব্যাখ্যা কর। ৩
ঘ. বৃষ্টির দিনে শুধু মানুষ নয় সব ধরনের জীবজন্তু রসসিক্ত হয়ে উঠে— উদ্দীপকের সাথে মিল করে এবং বৃষ্টি কবিতার আলোকে আলোচনা কর।৪

৭.▶ স্বপ্ন একটি ছোট শব্দ। কিন্তু এর ব্যাপকতা অনেক। কেউ স্বপ্ন দেখে আবার স্বপ্ন দেখায়। তেমনি 'সুমি' সুমির বাবার আকাশ ছোঁয়া স্বপ্ন ছিল। তার আজীবন লালিত স্বপ্ন ছিল, মেয়েকে লেখাপড়ার জন্য লণ্ডন পাঠাবে, মেয়েরও প্রথম অবস্থায় কৌতুহল ছিল। মেয়েকে পাঠানো সম্ভব হল। কিন্তু নিয়তির কি করুন পরিণতি কিছুদিন যাওয়ার পর মেয়ে আর সেখানে থাকতে চায় না। তার সারাক্ষণ মনে পড়ে ছোটবেলায় স্মৃতি বিজড়িত সুরমা নদীর কথা।

ক. 'কপোতাক্ষ' নদ কবিতাটির উৎস কী? ১
খ. 'কপোতাক্ষ নদ' কবিতায় কপোতাক্ষের জলকে দুগ্ধস্রোতরূপী বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের সাথে সুমির এবং লেখকের মানসিক অবস্থার বর্ণনা দাও। ৩
ঘ. মনে পড়ে পড়ে সেই স্মৃতি বিজড়িত 'সুরমা' নদীর কথা 'কপোতাক্ষ নদ' কবিতায় আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

৮.▶ শাবাস বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়,
জ্বলে পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

ক. তোর গায়ে কি বল আছে। যা, ভাগ— উক্তিটি কার? ১
খ. তোকে এখনই সন্দেহ করবে না- কেন? ২
গ. 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন বিষয়টি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে- ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বাংলাদেশের 'কাকতাড়ুয়া' উপন্যাসের অল্প কিছু অংশ ধারণ করেছে- আলোচনা কর। ৪

৯.▶ বাঙালির আবহমান কালের ইতিহাস এক মাইলফলক ১৯৭১। এক মহিমান্বিত ইতিহাস রচিত হয়েছে এই ১৯৭১ সালে। অনেক রক্ত আত্মত্যাগের ভেতর দিয়ে আমরা পেয়েছি মহান স্বাধীনতা। ঐ সময় বাঙালিরা অস্ত্র তুলে

http://teachingbd.com

ধরেছিল পাক হানাদার বাহিনীর উপর। বীর মুক্তিযোদ্ধারা বুখে দাঁড়িয়েছিল পাক হানাদার বাহিনীর উপর। বাংলাকে হানাদারমুক্ত করাই ছিল তাদের মূল লক্ষ্য।

ক. বাজ্কার সহজ করলে কী হয়? ১

খ. বিভক্ত মানুষের মধ্য দিয়ে যুদ্ধ নামক নদী বইতে থাকে কীভাবে? ২

গ. উদ্দীপকের 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বুকের ভেতর ধরে রেখেছে মুক্তিযুদ্ধ' উক্তিটি উদ্দীপক ও উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

**১০.▶** মজিদ ছিল শয্যহীন অঞ্চলের লোক। একদিন জীবনের খোঁজে, ক্ষুধা জ্বালায় নিজ গ্রাম ত্যাগ করে এবং মহব্বতনগর গ্রামে নাটকীয়ভাবে প্রবেশ করে। গ্রামে প্রবেশ করে একটি ভগ্ন কবর কে মোদাচ্ছের পীরের কবর বলে দাবি করে। গ্রামের লোক অবাক হয়ে যায়। বিভিন্ন গ্রাম হতে অনেক লোকজন আসে এবং মানত করে। মাজার হতে মানতের যে, অর্থ রোজগার হয় সম্পূর্ণ অর্থ মজিদ গ্রহণ করে। মজিদ অনেক টাকার মালিক হয়। সে টাকা দিয়ে পুকুর কাটল ভিটে বাদল। একদিন সে রহিমা নামে লম্বা, চওড়া বিধবা যুবতীকে বিয়ে করে। রহিমা ছিল ঠাণ্ডা স্বভাবের মানুষ। স্বামী যাই বলে তাই মনে প্রাণে বিশ্বাস করে এবং সেই অনুযায়ী কাজ করে। রহিমার বিশ্বাস তার স্বামী মজিদ অলৌকিক শক্তির অধিকারী।

ক. কার কানে কথ্য ভাষা কটু ঠেকে? ১

খ. এ কৃতজ্ঞতার তেজ নেশার মতো— বহিপীর একথা বলেছেন কেন? ২

গ. উদ্দীপকের মজিদ বহিপীর নাটকের সাথে কার মিল পাওয়া যায়- ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রহিমা এবং বপিপীর নাটকের খোদেজা চরিত্রের পার্থক্য দেখাও। ৪

**১১.▶** সোনালী উষার সোনামুখ তার আমার নয়নে ভরি

লাঙল লইয়া খেতে ছুটিতাম গাঁয়ের ও-পথ ধরি।

যাইবার কালে ফিরে ফিরে তার দেখে লইতাম কত

একথা লইয়া ভাবিসাব মোরে তামাশা করিত শত।

ক. বেচাইনি শব্দের অর্থ কী? ১

খ. একটা স্বপ্ন ভেজে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারবো— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটির 'বহিপীর' নাটকের কোন দিকটির কথা বলা হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কথক 'বহিপীর' নাটকের হাশেম আলি চরিত্রের সম্পূর্ণ প্রতিনিধিত্ব করে না- আলোচনা কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'পালামৌর' শালবৃক্ষগুলো আকৃতিতে বঙ্গদেশের কোন বৃক্ষের সঙ্গে তুলনীয়?
ⓚ কদম্ব ⓚ তমাল
ⓖ হিন্তাল ⓖ তাল

২. বাংলা ভাষার স্বার্থক ছোটগল্পকারের অনন্য দৃষ্টান্ত রেখেছেন কে?
ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
খ) বিভূতিভূষন বন্দোপাধ্যায়
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) মানিক বন্দোপাধ্যায়

৩. বিদ্যার সাধনায় গুরুকে উত্তরসাধক বলা হয়েছে কেন?"
ক) শিষ্যকে বিদ্যা শেখান বলে
খ) শিষ্যকে উদ্বুদ্ধ করেন বলে
গ) শিষ্যকে মানুষ করে তোলেন বলে
ঘ) শিষ্যকে জ্ঞানী করে তোলেন বলে

**উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

অন্ন পায়ী বঙ্গবাসী স্তন্যপায়ী জীব
জন-দশেকে জটলা করি তক্তপোশে বসে।
ভদ্র মোরা শান্ত বড়ো, পোষ মানা এ প্রাণ
বোতাম আঁটা জামার নিচে শান্তিতে শয়ান।

৪. উদ্দীকটিতে নিরীহ বাঙালি প্রবন্ধে বাঙালি চরিত্রের প্রতিফলিত দিকটি হলো—
i. শ্রমবিমুখতা
ii. খাদ্য ও পোশাকে নিরীহ
iii. অলসতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. উল্লিখিত বৈশিষ্ট্যের কারণে বাঙালি আজ কী হিসেবে পরিচিত?
ক) পদ্মিনী খ) নায়িকা
গ) পুরুষিকা ঘ) মূর্তিমান

৬. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে প্রাবন্ধিক কাদের উদ্বোধন কামনা করেছেন?
ক) প্রগতিশীল মানুষদের
খ) উপেক্ষিত ছোটলোকের
গ) অভিজাত শ্রেণির মানুষদের
ঘ) ভদ্র সম্প্রদায়ের মানুষদের

৭. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখক মূল বক্তব্যটি ফুটিয়ে তুলেছেন—
i. জীব সত্তার বিশ্লেষণে
ii. প্রবন্ধের আঙ্গিক গঠনে
iii. মানবসত্তার বিশ্লেষণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. 'অপ্রতিভ' শব্দের অর্থ কী?
ক) সপর্যাপ্ত খ) অপ্রতুল
গ) অপ্রস্তুত ঘ) অসময়

৯. সাহিত্যের কোন শাখায় সমগ্র জীবনের প্রতিচ্ছবি প্রতিফলিত হয়?
ক) উপন্যাস খ) নাটক
গ) মহাকাব্য ঘ) কবিতা

১০. 'বাঙলা শব্দ' প্রবন্ধে লেখক 'তীর্থযাত্রী' বলেছেন কাকে?
ক) বাংলা ভাষায় আগত শব্দভাণ্ডারকে
খ) ভাষা তাত্ত্বিকগণকে
গ) আর্য সম্প্রদায়কে
ঘ) কবি সাহিত্যিকগণকে

১১. 'মমতাদি' গল্পে মমতাদির মাঝে সবময় কী সমুন্নত ছিল?
ক) অহংকার খ) দুঃখ
গ) আত্মমর্যাদাবোধ ঘ) বিলাসিতা

১২. ঈশ্বরী পাটুনি কোনটিকে সৌভাগ্য বলে মনে করেছে?
ক) দেবীর বর
খ) দেবী দর্শন
গ) অন্নপূর্ণার পরিচয় জানা
ঘ) সোনার সেঁউতি হাতে পাওয়া

১৩. 'কপোতাক্ষ নদ' কবিতায় স্নেহের তৃষ্ণা কথাটিতে কবির কী প্রকাশ পেয়েছে?
ক) স্বজাতি প্রীতি
খ) স্মৃতিকাতরতা
গ) মাতৃভাষা প্রীতি
ঘ) সন্তান বাৎসল্য

Teachingbd.com

১৪. 'জীবন সঙ্গীত' কবিতায় কবি মানুষের জীবনকে কীসের সঙ্গে তুলনা করেছেন?
ক) নিশার স্বপন খ) শৈবালের নীর
গ) কুসুমিত কানন ঘ) সমরাঙ্গন

১৫. রবীন্দ্রনাথ ঠাকুর 'প্রাণ' কবিতায় তাঁর সৃষ্টিকর্মকে তুলনা করেছেন কীসের সঙ্গে?
ক) ফুলের সঙ্গে খ) সূর্যের সঙ্গে
গ) সঙ্গীতের সঙ্গে ঘ) মানুষের অন্তরের সঙ্গে

**উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
আমার কেবল ইচ্ছে করে পাখির মতো উড়তে
ইচ্ছে বড়ো হৃদয় মাঝে যাযাবর হয়ে ঘুরতে।
আরো ইচ্ছে ঝর্ণার মতো দিগ্বিদিক দেখতে
পাহাড় থেকে জলে স্রোত, কার সাথে যায় মিশতে?

১৬. উদ্দীপকটির সাথে 'ঝর্ণার গান' কবিতার কোন চরণের সাদৃশ্য রয়েছে?
ক) চপল পায় কেবল ধাই
খ) কোন পরীর টুকুল হার
গ) ভয় দ্যাখায় চোখ পাকায়
ঘ) চরণ থুই দোদুল মন

১৭. এই সাদৃশ্যপূর্ণ দিকটি হলো—
i. গতিশীলভাবে ছুটে বেড়ানোর বাসনা
ii. আত্মগোপন করে না থাকার ইচ্ছা
iii. নিজেকে প্রকাশ করার জন্য চঞ্চল হওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. 'পল্লিজননী' কবিতায় পল্লিজননীর সঙ্গে মিল রয়েছে কার?
ক) হুতুম পেঁচার খ) ডাহুক পাখির
গ) জোনাকির ঘ) কানা কুয়োর

১৯. 'বৃষ্টি কবিতায় প্রতি চরণে কতটি মাত্রা রয়েছে?
ক) ১৪টি খ) ১৬টি
গ) ১৮টি ঘ) ২০টি

২০. বিষয় ও উপদানে কবি শামসুর রাহমানের কাব্যের বৈশিষ্ট্য কোনটি?
ক) গ্রামকেন্দ্রিক খ) শরহকেন্দ্রিক
গ) নিম্নবিত্তের জীবন কেন্দ্রিক
ঘ) উচ্চবিত্তের জীবনকেন্দ্রিক

২১. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা'— কবিতায় খই ফোটাল দ্বারা কবি কী বুঝিয়েছেন?
ক) বিরাট আওয়াজ খ) বীভৎস অবস্থা
গ) প্রচণ্ডগুলি বর্ষণ ঘ) প্রবল আক্রমণ

২২. 'আতি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে'- এখানে চর্যাপদের অক্ষরগুলো বলতে কবি কি বুঝিয়েছেন?
ক) অতীত ঐতিহ্য খ) সাংস্কৃতিক রূপ
গ) ঐতিহাসিক পটভূমি ঘ) সাংস্কৃতিক পরিচয়

২৩. চর্যাপদের মধ্যে বাঙালি জাতিসত্তার যে পরিচয়টি পাওয়া যায়—
i. কৈবর্তবিদ্রোহ
ii. বৃটিশ বিরোধী আন্দোলন
iii. অসাম্প্রদায়িক চেতনা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) iii ঘ) ii ও iii

২৪. 'চির কিবতার দেশ'— উপমাটি ব্যবহার করে 'সাহসী জননী বাংলা' কবিতায় কবি বাংলাদেশের কোন বৈশিষ্ট্যকে তুলে ধরেছেন?
ক) বাংলার কবিদের আধিক্য
খ) কবিতায় সমৃদ্ধ বাংলাদেশ
গ) কবিতার প্রেরণায় বাংলাদেশ
ঘ) বাংলার কবিদের চিরায়ত পরিচয়

২৫. বাঁশবাগানে বিস্তর জোনাকী কখন দেখা যায়?
ক) দুপুরে খ) বিকেলে
গ) কার্তিকে ঘ) নিশিরাইতে

২৬. 'মানুষ' কবিতায় প্রথম স্তবকে নিচের কোনটি প্রযোজ্য?
ক) মানবতার জয়গান খ) মানুষের অসহায়ত্ব
গ) মানুষের ক্ষমতা ঘ) মানুষের প্রত্যাশা

২৭. গাঁয়ের লোকেরা বুধাকে ভিন্ন ভিন্ন নামে ডাকার কারণ, বুধার—
ক) সাহসিকতা খ) একাকিত্ব
গ) বাবা-মা নেই ঘ) বহুমুখী বৈশিষ্ট্য

২৮. যুদ্ধের কত বছর আগে বুধা মা-বাবা সবাইকে হারিয়েছে?
ক) ১ বছর খ) ২ বছর
গ) ৩ বছর ঘ) ৪ বছর

২৯. হাতেম আলির সামান্য জমিদারি কোথায় আছে?
ক) কেশবপুরে খ) রেশমপুরে
গ) বিরামপুরে ঘ) বিলাসপুরে

৩০. তাহেরা আর বহিপীরের বার্তাবাহক কে ছিল?
ক) হকিকুল্লাহ খ) হাতেম
গ) হাশেম ঘ) চাকরটি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd.com